# মডেল টেস্ট-৭

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১ × ৫০ = ৫০**

**১. ১৯৭১ সালের ১০ই এপ্রিল একটি সরকার গঠিত হয়েছিল। এ সরকার কী নামে পরিচিত ছিল?**
ক. নির্দলীয় সরকার খ. অন্তর্বর্তীকালীন সরকার
গ. সর্বদলীয় সরকার ঘ. মুজিবনগর সরকার

**২. মুক্তিযুদ্ধ শুরু হলেও মুক্তিবাহিনী গঠিত হয় ১৯৭১ সালের ১১ই জুলাই। এটি যুদ্ধ শুরু হওয়ার কত মাস পর গঠিত হয়?**
ক. ৩ মাসের অধিক সময় খ. ৪ মাসের অধিক সময়
গ. ৫ মাসের অধিক সময় ঘ. ৬ মাসের অধিক সময়

**৩. রিনার মা প্রশিক্ষণ নিয়ে যুদ্ধে অংশ নেন। এছাড়াও তিনি খাবার, আশ্রয় ও তথ্য দিয়ে সাহায্য করেন। তিনি কী ছিলেন?**
ক. চিকিৎসক খ. সাংস্কৃতিক কর্মী
গ. মুক্তিযোদ্ধা ঘ. সমাজকর্মী

**৪. মুক্তিযুদ্ধের সময় এদেশে কিছু মানুষ পাকিস্তানি হানাদারদের পথ চিনিয়ে, ভাষা বুঝিয়ে ধ্বংসযজ্ঞ চালাতে সাহায্য করেছিল। এরা কারা?**
ক. রাজাকার খ. আলবদর
গ. আল-শামস ঘ. শান্তিকমিটি

**৫. নবাব সিরাজ-উদ-দৌলা পলাশির যুদ্ধে পরাজয়ের কারণ হিসাবে তুমি কোনটিকে চিহ্নিত করবে?**
ক. সৈন্যদের অদক্ষতা
খ. প্রয়োজনীয় অস্ত্রের অভাব
গ. মীর জাফরের বিশ্বাসঘাতকতা
ঘ. যুদ্ধ কৌশলের অভাব

**৬. ব্রিটিশ শাসনামলে ইংরেজদের বিরুদ্ধে বিদ্রোহ করে একজন গড়ে তুলেছিলেন বাঁশের কেল্লা। তাঁর নাম কী?**
ক. দুদু মিঞা খ. মঙ্গল পাণ্ডে
গ. হাজী শরিয়তউল্লাহ ঘ. তিতুমির

**৭. ব্রিটিশদের হাতে প্রাণ দেওয়ার ক্ষেত্রে ক্ষুদিরামের সাথে কার মিল রয়েছে?**
ক. তিতুমির খ. মাস্টারদা সূর্যসেন
গ. মীর কাশিম ঘ. সিরাজ-উদ-দৌলা

**৮. তুমি নরসিংদী জেলায় জন্মগ্রহণ করলে কোনটি নিয়ে অধিক গর্ববোধ করতে পারতে?**
ক. পাহাড়পুর খ. ময়নামতি
গ. উয়ারী-বটেশ্বর ঘ. সোনারগাঁও

**৯. রিপা তার বন্ধুকে অষ্টম শতকের রাজা মানিক চন্দ্রের স্ত্রীর কাহিনি জড়িত একটি স্থানের কথা বলে। এখানে কোন স্থানটির কথা বলা হয়েছে?**
ক. পাহাড়পুর খ. ময়নামতি
গ. সোমপুর ঘ. নরসিংদী

**১০. উনিশ শতকে হিন্দু বণিকদের সুতা বাণিজ্যের কেন্দ্র হিসেবে পানাম নগর গড়ে ওঠে। এটি কোথায় অবস্থিত?**
ক. ইসলামাবাদ খ. জাহাঙ্গীরনগর
গ. সোনারগাঁও ঘ. ঢাকা

**১১. জাতীয় জাদুঘরে সংরক্ষিত নিদর্শনগুলো থেকে আমরা বাংলাদেশের কী জানতে পারি?**
ক. শিক্ষা ব্যবস্থা খ. অর্থনৈতিক অবস্থা
গ. ইতিহাস ও ঐতিহ্য ঘ. মানুষের জীবনযাত্রা

**১২. কৃষিক্ষেত্রে আধুনিক প্রযুক্তি ব্যবহার করায় উৎপাদন বেড়েছে। এই খাতটির জাতীয় অর্থনীতিতে অবদানের হার কত?**
ক. ১০ ভাগ খ. ২৫ ভাগ
গ. ২০ ভাগ ঘ. ৩০ ভাগ

**১৩. রান্নাকে সুস্বাদু করতে আমাদের দেশে বেশ কয়েক ধরনের ফসল উৎপাদন করা হয়। ফসলগুলোর নাম কী?**
ক. মসলা খ. আলু
গ. ডাল ঘ. আটা

**১৪. রাসেল সিলেটে বেড়াতে গেল। সেখানে সে কোন ফসলের চাষাবাদ দেখতে পাবে?**
ক. পাট খ. চা
গ. তামাক ঘ. ডাল

**১৫. কাগজ আমাদের লেখাপড়ার এক অপরিহার্য উপাদান। এটি তৈরির প্রধান কাঁচামাল কী?**
ক. পাট খ. গাছের গুড়ি
গ. প্রাকৃতিক গ্যাস ঘ. শণ গাছ

**১৬. বাংলাদেশের মতো ছোট্ট একটি দেশে জনসংখ্যা বৃদ্ধির হার অনেক বেশি। প্রতিবছর কী পরিমাণ মানুষ মোট জনসংখ্যার সাথে যুক্ত হচ্ছে?**
ক. ১০ লক্ষ খ. ৩০ লক্ষ
গ. ৩৫ লক্ষ ঘ. ৪৫ লক্ষ

**১৭. আদনান সাহেবের শিল্প কারখানার বর্জ্য পাশের নদীতে ফেলা হয়। এর ফলে কীসের দূষণ ঘটবে?**
ক. পানি দূষণ খ. মাটি দূষণ
গ. বায়ু দূষণ ঘ. শব্দ দূষণ

**১৮. সরকার কৃষিতে ভর্তুকি, উন্নত বীজ, সার, সেচ ইত্যাদি ব্যবস্থা করেছে। এর ফলে কোনটি ঘটবে?**
ক. খাদ্য উৎপাদন বাড়বে খ. শিল্প উৎপাদন বাড়বে
গ. খাদ্য উৎপাদন কমবে
ঘ. কর্মসংস্থান হ্রাস পাবে

**১৯. আবহাওয়ার পূর্বাভাস থেকে জানা গেল তোমাদের এলাকায় একটি ঘূর্ণিঝড় আঘাত হানতে যাচ্ছে। এক্ষেত্রে তুমি কী করবে?**
ক. নিজ ঘরে থাকব
খ. আশ্রয় কেন্দ্রে যাব
গ. প্রতিবেশীদের বাড়িতে যাব
ঘ. আত্মীয়ের বাড়িতে যাব

**২০. আঁখিরা নদী তীরবর্তী এলাকায় বাস করে। তারা গাছপালা কেটে ঘরবাড়ি তৈরি করে। এর ফলে কোনটি দেখা দিবে?**
ক. বন্যা খ. ঘূর্ণিঝড়
গ. ভূমিকম্প ঘ. নদীভাঙন

Teachingbd.com

২১. মুনাদের গ্রামে পুকুর, নদী ও ফসলের মাঠ শুকিয়ে যাওয়ায় ফসল ফলানো খুবই কষ্ট হচ্ছে। এরকম অবস্থার জন্য কোনটি দায়ী?
ক. খরা খ. ঘূর্ণিঝড়
গ. মানুষের অসচেতনতা ঘ. জলবায়ু পরিবর্তন

২২. সেজুঁতি একটি বিদ্যালয়ে ৫ম শ্রেণিতে পড়ে। সে কোন অধিকার ভোগ করছে?
ক. নারী অধিকার খ. মত প্রকাশের অধিকার
গ. নাগরিক অধিকার ঘ. মৌলিক মানবাধিকার

২৩. ঝুমা তার বোনকে একটি খেলনা কিনে দিলে সে এটা শক্ত করে ধরে বসে থাকে ও গন্ধ নেয়। ঝুমার বোন কোন ধরনের শিশু?
ক. স্বাভাবিক শিশু খ. শারীরিক প্রতিবন্ধী শিশু
গ. প্রিম্যাচিউর শিশু ঘ. অটিস্টিক শিশু

২৪. রিফাতের এলাকার অনেক শিশু ইটের ভাটায়, কলকারখানায় কাজ করছে। এসব শিশু কোন অধিকার থেকে বঞ্চিত হলো?
ক. মত প্রকাশের অধিকার
খ. শিক্ষা গ্রহণের অধিকার
গ. নিরাপত্তা লাভের অধিকার
ঘ. ন্যায্য মজুরি লাভের অধিকার

২৫. রাহেলা গ্রামের মানুষদের কাজ দেওয়ার নাম করে বিদেশে পাচার করে দেয়। রাহেলার কাজটি কী ধরনের কাজ?
ক. শিক্ষামূলক খ. সমাজসেবামূলক
গ. মানবাধিকার লঙ্ঘন ঘ. বিনোদনমূলক

২৬. বাংলাদেশের নারীদের জীবনযাত্রার মানোন্নয়নের জন্য নিচের কোনটি সবচেয়ে বেশি প্রয়োজন?
ক. নারী শিক্ষার প্রসার ঘটানো
খ. নারীদের চাকরি দেয়া
গ. নারীদেরকে পুরুষের সমান মজুরি দেয়া
ঘ. সিদ্ধান্ত গ্রহণে নারীদের অংশগ্রহণ

২৭. নাদিয়াকে মুরব্বীরা ধর্মীয় অপরাধের কথা বলে অবৈধভাবে শাস্তি দেয়। এ ধরনের নির্যাতন জানা যায় কীসের প্রতিবেদনে?
ক. দুর্নীতি দমন কমিশনের
খ. এ্যাকশন এইডের
গ. অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের
ঘ. জাতিসংঘের

২৮. তোমার বিদ্যালয়ে যাতায়াতের পথে একটা সাঁকো ভেঙে গেছে। এক্ষেত্রে তুমি কী করবে?
ক. অন্য বিদ্যালয়ে যাব
খ. বড়দের সহায়তায় মেরামত করব
গ. বিকল্প পথে বিদ্যালয়ে যাব
ঘ. মেরামতের জন্য নিজেই অর্থ সংগ্রহ করব

২৯. তুমি এবং তোমার ছোট বোন ঘরের মধ্যে অবস্থান করছ। সে সময় হঠাৎ করে গৃহে আগুন লেগে গেল। তোমরা সর্বপ্রথম কোন কাজটি করবে?
ক. ঘর থেকে বের হয়ে যাব
খ. আগুন নেভানোর চেষ্টা করব
গ. অগ্নি নির্বাপক বাহিনীকে খবর দেব
ঘ. সাহায্যের জন্য প্রতিবেশীদেরকে ডাকব

৩০. শহরে বেড়াতে এসে নিশি দেখে দুর্ঘটনা এড়াতে রাস্তা পার হওয়ার জন্য বিশেষ ব্যবস্থা রয়েছে। এই বিশেষ ব্যবস্থাটি কী?
ক. ওভারব্রিজ খ. দোতলা বাস
গ. সাঁকো ঘ. ব্রিজ

৩১. রিনার বাবা বলেন, রান্নার সময় কখনো গ্যাসের অপচয় করো না। এর কারণ কী?
ক. এটি রাষ্ট্রীয় সম্পদ খ. এটি ব্যক্তিগত সম্পদ
গ. এটি জাতীয় সম্পদ ঘ. এটি আন্তর্জাতিক সম্পদ

৩২. নিজ নিজ শ্রেণিকক্ষ পরিষ্কার রাখার কাজে সবাই সমানভাবে অংশগ্রহণ করবে। কারণ—
ক. সকলেই এক ক্লাসে পড়ে বলে
খ. সকলেই সমান বেতন ও ফি পরিশোধ করে বলে
গ. শ্রেণিশিক্ষক সকলকেই সমান চোখে দেখেন বলে
ঘ. সকলেই এর সুফল ভোগ করে বলে

৩৩. বিজয় দিবসে বিদ্যালয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানে শিক্ষার্থীরা কে কোন প্রতিযোগিতায় অংশ নিবে তা সবাই মিলে সিদ্ধান্ত নেয়। এতে শিক্ষার্থীদের কোন বৈশিষ্ট্য লক্ষ করা যায়?
ক. গণতান্ত্রিক মনোভাব খ. রাজনৈতিক মনোভাব
গ. কর্তৃত্বের মনোভাব ঘ. সচেতন মনোভাব

৩৪. বাংলাদেশের রাষ্ট্র পরিচালনার একটি মূলনীতি প্রতিষ্ঠার জন্য এদেশের জনগণ দীর্ঘদিন সংগ্রাম করেছে। মূলনীতিটি কী?
ক. ধর্মনিরপেক্ষতা খ. সমাজতন্ত্র
গ. গণতন্ত্র ঘ. জাতীয়তাবাদ

৩৫. বাংলাদেশের একটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী যাদের নিজস্ব ভাষা হলো 'আচিক'। এখানে কোন নৃ-গোষ্ঠীর কথা বলা হয়েছে?
ক. ম্রো খ. গারো
গ. ত্রিপুরা ঘ. ওঁরাও

৩৬. খাসিয়ারা মাতৃতান্ত্রিক সমাজব্যবস্থায় বাস করে। তাদের এ সমাজব্যবস্থার সাথে কাদের মিল পাওয়া যায়?
ক. ম্রো খ. ওঁরাও
গ. ত্রিপুরা ঘ. গারো

৩৭. সুমনের এক বন্ধু ম্রো জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত। সুমন তাদের বাড়িতে বেড়াতে গেলে কোন সুস্বাদু খাবারটি খেতে পারবে?
ক. পান সুপারি খ. নাপ্পি
গ. বাঁশের কোড়ল ঘ. ভাত

৩৮. ওঁরাওদের ভাষার নাম কুড়ুখ ও সাদ্রি। তাদের গ্রাম প্রধানকে কী বলে?
ক. মাহাতো খ. হেডম্যান
গ. রোয়াজা ঘ. পঞ্চায়েত

৩৯. জাতিসংঘের একটি পরিষদের কাজ হলো মহাসচিব নিয়োগ করা। পরিষদটির নাম কী?
ক. সাধারণ পরিষদ
খ. অর্থনৈতিক ও সামাজিক পরিষদ
গ. অছি পরিষদ ঘ. নিরাপত্তা পরিষদ

৪০. বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষে একটি র‍্যালির আয়োজন করা হয়। দিবসটি জাতিসংঘের কোন সংস্থার উদ্যোগে পালিত হয়?
ক. ইউনিসেফ খ. খাদ্য ও কৃষি সংস্থা
গ. বিশ্ব স্বাস্থ্য সংস্থা ঘ. ইউনেস্কো

৪১. ২০০৭ সালে আফগানিস্তান সার্কের সদস্য হয়। আফগানিস্তান সার্কের কততম সদস্য?
ক. ৭ম খ. ৮ম
গ. ৯ম ঘ. ১০ম

http://teachingbd.com

৪২. ভারতে ইংরেজ শাসনের প্রথম একশত বছর শাসন কার্য পরিচালনা করে কে?
ক. ব্রিটিশ সরকার    খ. মীর জাফর
গ. ইস্ট-ইন্ডিয়া কোম্পানি    ঘ. মীর কাসিম

৪৩. জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করা প্রয়োজন কেন?
ক. ভৌগোলিক উন্নয়নের জন্য
খ. অর্থনৈতিক উন্নয়নের জন্য
গ. প্রাকৃতিক উন্নয়নের জন্য
ঘ. জাতিগত উন্নয়নের জন্য

৪৪. অতিবৃষ্টি বা অনাবৃষ্টি কী পরিবর্তনের ফলে হচ্ছে?
ক. জলবায়ুর পরিবর্তন
খ. নদ-নদীর অবস্থানের পরিবর্তন
গ. জনসংখ্যার পরিবর্তন
ঘ. নদীর স্রোতের পরিববর্তন

৪৫. নারীর ন্যায্য মজুরির জন্য কোথায় প্রথম আন্দোলন হয়?
ক. নিউইয়র্কে    খ. জার্মানিতে
গ. লন্ডনে    ঘ. রাশিয়ায়

৪৬. নারী নির্যাতন রোধে কোনটি জরুরি?
ক. আইন প্রণয়ন
খ. দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান
গ. শিক্ষার ব্যবস্থা করা
ঘ. সামাজিক মূল্যবোধের উন্নয়ন

৪৭. রাস্তা পারাপারের আমরা কোন কাজটি করব?
ক. রাস্তার মাঝখান দিয়ে দৌড় দেব
খ. ওভারব্রিজের নিচ দিয়ে যাব
গ. জেব্রাক্রসিং দিয়ে রাস্তা পার হব
ঘ. অসচেতনভাবে পার হব

৪৮. পরস্পরের মতের প্রতি আমরা কীরূপ আচরণ করবো?
ক. শ্রদ্ধাশীল হবো
খ. অবহেলা করবো
গ. অন্যদের মতামত গ্রহণ করবো না
ঘ. নিজের সিদ্ধান্তকে সঠিক মনে করবো

৪৯. ওঁরাওদের প্রধান উৎসবের নাম 'ফাগুয়া' যা পালন করা হয়–
ক. বৈশাখ মাসের শেষ তারিখে
খ. চৈত্র মাসের শেষ তারিখে
গ. ফাল্গুন মাসের শেষ তারিখে
ঘ. পৌষ মাসের শেষ তারিখে

৫০. সার্ক কত সালে গঠিত হয়?
ক. ১৯৮৪    খ. ১৯৮৫
গ. ১৯৮৬    ঘ. ১৯৮৭

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: (১৫টি। প্রথম ১০টি যোগ্যতাভিত্তিক)    ১×১৫ = ১৫

ক. করিম সাহেব মুক্তিযুদ্ধে সাহসিকতা ও বীরত্বের জন্য বাংলাদেশ সরকারের দ্বিতীয় বীরত্বসূচক উপাধি লাভ করেন। তিনি কোন উপাধি পেয়েছেন?

খ. ১৭৫৭ থেকে ১৮৫৭ সাল পর্যন্ত এ দেশে একটি বিদেশি কোম্পানির শাসন চলে। কোম্পানিটির নাম কী ছিল?

গ. আওরঙ্গজেবের পুত্র শাহজাদা মোহাম্মদ আযম শাহ্ ঢাকায় একটি দুর্গ নির্মাণ করেন। দুর্গটির নাম কী?

ঘ. ইলিয়াসের বাবা স্টার জুট মিলে চাকরি করেন। এটি কোন শিল্পের অন্তর্গত?

ঙ. রনিদের দেশে সরকারি সহায়তায় বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। এর ফলে কোনটি ঘটবে?

চ. রোকনের বয়স ১২ বছর। সে স্কুলে না যেয়ে একটি দোকানে কাজ করে। রোকন তার কোন অধিকার থেকে বঞ্চিত হচ্ছে?

ছ. তানিয়া রাস্তার দু'পাশ দেখে জেব্রাক্রসিং দিয়ে রাস্তা পার হয়। তানিয়ার এরূপ আচরণের কারণ কী?

জ. শফিকুল ইসলাম তার প্রতিষ্ঠানের সেবার মান উন্নত করতে চান। এক্ষেত্রে তার কী করা উচিত?

ঝ. সঞ্জুরা তাদের বাড়িকে কিম বলে। সঞ্জু কোন নৃ-গোষ্ঠীর অধিবাসী?

ঞ. আমাদের দেশের বেকার সমস্যা সমাধানে জাতিসংঘের একটি শাখা কাজ করে থাকে। শাখাটির নাম কী?

ট. কখন মুক্তিযুদ্ধ শুরু হয়েছিল?

ঠ. তিতুমির বাঁশের কেল্লা নির্মাণ করেছিলেন কেন?

ড. জলবায়ু কাকে বলে?

ঢ. প্রতিবছর কত তারিখে রোকেয়া দিবস পালন করা হয়?

ণ. ম্রো জনগোষ্ঠীর ধর্মের নাম কী?

৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও: ৫ × ৭ = ৩৫

ক. মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য ১৯৭১ সালের ১১ জুলাই একটি বাহিনী গঠন করা হয়। বাহিনীটির নাম কী? বাহিনীটি কয়টি ব্রিগেড ফোর্সে বিভক্ত ছিল? বাহিনীটির সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১+১+৩= ৫

খ. ঢাকায় বুড়িগঙ্গা নদীর তীরে একটি ঐতিহাসিক স্থান অবস্থিত। এটি বাংলার নবাবদের প্রাসাদ ছিল। উক্ত স্থানের নাম কী? উক্ত স্থানের ইতিহাস চারটি বাক্যে লেখ। ১+৪ =৫

গ. ভৌগোলিক অবস্থানের কারণে বাংলাদেশে একটি দুর্যোগের ঝুঁকি রয়েছে যার কোনো পূর্বাভাস পাওয়া যায় না। দুর্যোগটির নাম কী? উক্ত দুর্যোগ সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫

ঘ. তোমার বিদ্যালয়ে একজন অটিস্টিক শিশু রয়েছে। তাকে চেনার জন্য উক্ত শিশুটির তিনটি বৈশিষ্ট্য লেখ। তার সাথে তুমি কীরূপ ব্যবহার করবে তার দুইটি লেখ। ৩+২=৫

ঙ. বাংলাদেশের একজন মহীয়সী নারী ১৮৮০ সালে রংপুরে জন্মগ্রহণ করেন। মহীয়সী নারীটির নাম কী? নারী শিক্ষার ক্ষেত্রে তার চারটি অবদান লেখ। ১+৪ =৫

চ. হাবিব সাহেব রাষ্ট্রের বিভিন্ন সম্পদ রক্ষায় সচেতন থাকেন। এটি তার কোন ধরনের দায়িত্ব ও কর্তব্য? এ ধরনের চারটি কর্তব্য উল্লেখ কর। ১+৪=৫

ছ. পার্বত্য অঞ্চলের এক ক্ষুদ্র জনগোষ্ঠীর নিজস্ব ধর্মের নাম 'তোরাই'। জনগোষ্ঠীর নাম কী? তাদের সমাজব্যবস্থা এবং খাদ্য সম্পর্কে দুইটি বাক্য লেখ। ১+১+৩ = ৫

জ. ১৯৮৫ সালে দক্ষিণ এশিয়ায় একটি সংস্থা গঠিত হয়। সংস্থাটির নাম কী? এর সর্বশেষ সদস্য কবে যুক্ত হয়? সংস্থাটির তিনটি লক্ষ্য ও উদ্দেশ্য লেখ। ১+১+৩ =৫

ঝ. বাংলাদেশের অর্থনীতিতে শিল্পের অবদান পাঁচটি বাক্যে লেখ। ৫

ঞ. রাষ্ট্রের প্রতি নাগরিকের পাঁচটি কর্তব্য লেখ। ৫

Teachingbd.com

# উত্তরমালা

১. ১. ঘ. মুজিবনগর সরকার; ২. ক. ৩ মাসের অধিক সময়; ৩. গ. মুক্তিযোদ্ধা; ৪. ক. রাজাকার; ৫. গ. মীর জাফরের বিশ্বাসঘাতকতা; ৬. ঘ. তিতুমির; ৭. খ. মাস্টারদা সূর্যসেন; ৮. গ. উয়ারী-বটেশ্বর; ৯. খ. ময়নামতি; ১০. গ. সোনারগাঁও; ১১. গ. ইতিহাস ও ঐতিহ্য; ১২. গ. ২০ ভাগ; ১৩. ক. মসলা; ১৪. খ. চা; ১৫. খ. গাছের গুড়ি; ১৬. খ. ৩০ লক্ষ; ১৭. ক. পানি দূষণ; ১৮. ক. খাদ্য উৎপাদন বাড়বে; ১৯. খ. আশ্রয় কেন্দ্রে যাব; ২০. ঘ. নদীভাঙন; ২১. ক. খরা; ২২. ঘ. মৌলিক মানবাধিকার; ২৩. ঘ. অটিস্টিক শিশু; ২৪. খ. শিক্ষা গ্রহণের অধিকার; ২৫. গ. মানবাধিকার লঙ্ঘন; ২৬. ক. নারী শিক্ষার প্রসার ঘটানো; ২৭. গ. অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের; ২৮. খ. বড়দের সহায়তায় মেরামত করব; ২৯. ক. ঘর থেকে বের হয়ে যাব; ৩০. ক. ওভারব্রিজ; ৩১. ক. এটি রাষ্ট্রীয় সম্পদ; ৩২. ঘ. সকলেই এর সুফল ভোগ করে বলে; ৩৩. ক. গণতান্ত্রিক মনোভাব; ৩৪. গ. গণতন্ত্র; ৩৫. খ. গারো; ৩৬. ঘ. গারো; ৩৭. খ. নাপ্পি; ৩৮. ক. মাহাতো; ৩৯. ক. সাধারণ পরিষদ; ৪০. গ. বিশ্ব স্বাস্থ্য সংস্থা; ৪১. খ. ৮ম; ৪২. গ. ইস্ট-ইন্ডিয়া কোম্পানি; ৪৩. খ. অর্থনৈতিক উন্নয়নের জন্য; ৪৪. ক. জলবায়ুর পরিবর্তন; ৪৫. ক. নিউইয়র্কে; ৪৬. ঘ. সামাজিক মূল্যবোধের উন্নয়ন; ৪৭. গ. জেব্রাক্রসিং দিয়ে রাস্তা পার হব; ৪৮. ক. শ্রদ্ধাশীল হবো; ৪৯. গ. ফাল্গুন মাসের শেষ তারিখে; ৫০. খ. ১৯৮৫।

২. ক. বীর উত্তম।

খ. ব্রিটিশ ইস্ট-ইন্ডিয়া কোম্পানি।

গ. লালবাগ কেল্লা।

ঘ. বৃহৎ শিল্পের।

ঙ. শ্রমিকরা দক্ষ শ্রমশক্তিতে রূপান্তর হবে।

চ. মানবাধিকার।

ছ. দুর্ঘটনার হাত থেকে রক্ষা পাওয়া।

জ. অধিকাংশের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ।

ঝ. অর্থনৈতিক ও সামাজিক পরিষদ।

ট. ১৯৭১ সালের ২৬এ মার্চে বঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষণার মধ্য দিয়ে মুক্তিযুদ্ধ শুরু হয়েছিল।

ঠ. ইংরেজ বাহিনীকে প্রতিহত করার জন্য।

ড. সাধারণত কোনো এলাকার ৩০-৪০ বছরের বেশি সময়ের আবহাওয়ার গড়কে জলবায়ু বলে।

ঢ. ৯ই ডিসেম্বর।

ণ. তোরাই।

Teachingbd.com